শিলিগুড়ি, সোমবার, ১ অক্টোবর, ২০১৮ | Siliguri • Monday • October 1, 2018 | REGD. NO. KOL.RMS/361/2016-2018 | RNI No.: WBBEN/2005/15658 | Page-8 Arthik Lipi ৮ | লিপি

মাঠে - ময়দানে

স্প্যানিশ লা লিগার ম্যাচে ১-১ গোলে ড্র করল হুয়েস্কা ও গিরোনা।

ইটালি সিরি এ'র ম্যাচে ক্লাগিয়ারিকে ২-০ গোলে হারাল ইন্টার।

দলে ফিরলেন বিরাট, বাদ পড়লেন ধাওয়ান

নয়াদিল্লি, ৩০ সেপ্টেম্বর: ইংল্যান্ড সফরে হতাশাজনক পারফরম্যান্সের জেরে দল থেকে বাদ পড়লেন শিখর ধাওয়ান। অক্টোবরে ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজ সিরিজ শুরু। সেই সিরিজে বাদ পড়লেন শিখর ধাওয়ান, তাঁর পরিবর্ত হিসাবে প্রথমবারের জন্য ভারতীয় টেস্ট দলের দরজা খুলল মায়াঙ্ক আগরওয়ালের। গত মরশুমে রঞ্জি ট্রফিতে ৮ ম্যাচে ১১৬০ রান করেছিলেন বেঙ্গালুরুর এই ব্যাটসম্যান। দুরন্ত পারফরম্যান্সের পুরস্কার হিসাবে ওয়েস্ট ইন্ডিজ সিরিজের দলে তাঁর অন্তর্ভুক্তি বলে মনে করছে বিশেষজ্ঞ মহল। মায়াঙ্ক টেস্ট দলে সুযোগ করে নেওয়ায় ওপেনিংয়ে লোকেশ রাহুলের সঙ্গী কে হবেন, তা নিয়ে শুরু হয়েছে তুমুল চর্চা। কারণ তালিকায় রয়েছে অনূর্ধ্ব ১৯ দলের নেতা পৃথ্বী শ'র নাম। ইংল্যান্ড সিরিজের মাঝপথে মুরলি বিজয়ের বদলি হিসাবে উড়িয়ে নিয়ে যাওয়া হয়েছিল তাঁকে। ওই সিরিজে মাঠে নামার সুযোগ না পেলেও ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে দলে রাখা হয়েছে পৃথ্বী শ'কে। এশিয়া কাপে বিশ্রামে থাকলেও দেশের মাটিতে ক্যারিবিয়ানদের বিরুদ্ধে মাঠে ফিরছেন অধিনায়ক বিরাট। অধিনায়ক ছাড়াও ব্যাটিং অর্ডারে দলের গুরুদায়িত্ব থাকবে চেতেশ্বর পুজারা ও অজিঙ্কা রাহানের উপর। এছাড়াও ইংল্যান্ড সিরিজের দল থেকে রয়েছেন হনুমা বিহারী এবং উইকেটকিপার ব্যাটসম্যান ঋষভ পন্থ। বোলিংয়ে স্পিন বিভাগে অভিজ্ঞ অশ্বিন, জাদেজার সঙ্গে রয়েছেন তরুণ কুলদীপ যাদব। পেস বিভাগে মহম্মদ সামি, উমেশ যাদব, শার্দুল ঠাকুরের সঙ্গে টেস্ট দলে নতুন মুখ মহম্মদ সিরাজ। সেই হিসাবে ইংল্যান্ড সফরে দলের পেস বিভাগ সামলানো ইশান্ত শর্মা ওয়েস্ট ইন্ডিজ সফর থেকে বাদ পড়েছেন। কারণ ইশান্তের চোট রয়েছে। তিনি ফিটনেস টেস্টে পাস হতে পারেননি। হার্দিক পান্ডিয়ার নামও বিবেচিত হয়নি। তবে সদ্য সমাপ্ত এশিয়া কাপে খেলা ভুবনেশ্বর কুমার ও যশপ্রীত বুমরাহকেও বিশ্রাম দিয়েছেন নির্বাচকরা।

সদ্য সমাপ্ত চতুর্দেশীয় সিরিজে ভারতীয় এ দলের হয়ে ভাল পারফরম্যান্সের সুবাদে টেস্টের ১৫ জনের দলে ঠাঁই পেলেন তিনি। এর আগে দেশের জার্সি গায়ে তিনটি টি-২০ ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে সিরাজের ঝুলিতে। আগামী ৪ অক্টোবর রাজকোটে সিরিজের প্রথম টেস্টে মুখোমুখি হতে চলেছে ভারত-ওয়েস্ট ইন্ডিজ। দ্বিতীয় টেস্ট হবে হায়দরাবাদে ১২-১৬ অক্টোবর।

ঘোষিত ১৫ সদস্যের ভারতীয় দল : বিরাট কোহলি (অধিনায়ক), লোকেশ রাহুল, পৃথ্বী শ, মায়াঙ্ক আগরওয়াল, চেতেশ্বর পুজারা, অজিঙ্ক রাহানে (সহ-অধিনায়ক), হনুমা বিহারী, ঋষভ পন্থ, রবিন্দ্রন অশ্বিন, রবীন্দ্র জাদেজা, কুলদীপ যাদব, মহম্মদ সামি, উমেশ যাদব, মহম্মদ সিরাজ ও শার্দুল ঠাকুর।

২০৩০ ফুটবল বিশ্বকাপের দাবিদার গ্রেট ব্রিটেন

আমেরিকা, ৩০ সেপ্টেম্বর: ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে সংকেত দিয়েছেন ২০৩০ সালের ফুটবল বিশ্বকাপ ইউনাইটেড কিংডমে আয়োজন করার জন্য তাঁর সরকার পুরোপুরি সমর্থন জোগাবে। উল্লেখ্য, লাতিন আমেরিকার বিডপত্রও সম্মিলিতভাবে পেশ করবে আর্জেন্টিনা, প্যারাগুয়ে এবং উরুগুয়ে। আগামী এপ্রিলে ফিফা এই বিডপত্র গ্রহণ করবে। শুধু ব্রিটিশ দ্বীপপুঞ্জ ছাড়াও স্বাধীন দেশ আয়ারল্যান্ডও এই যৌথ বিডপত্রে আংশীদার হবে। উল্লেখ্য, ২০৩০ সালের বিশ্বকাপে খেলবে মোট ৪৮টি দেশ। এখন খেলে ৩২টি দেশ। ৪৮ দেশের বিশ্বকাপে প্রতিটি গ্রুপে তিনটি করে দল থাকবে। মোট ১৬টি গ্রুপ হবে। প্রতি গ্রুপের তৃতীয় স্থানাধিকারী পরাজিত দল বিদায় নেবে। ব্রিটিশ প্রধানমন্ত্রী টেরেসা মে বলেছেন, ফুটবলের জন্ম ইংল্যান্ডে। আমরা শেষবার বিশ্বকাপ আয়োজন করেছিলাম ১৯৬৬ সালে। তাই আমাদের দাবি আশা করি ফিফা যোগ্যতার ভিত্তিতেই বিবেচনা করবে। স্কটল্যান্ড, ওয়েলস, নর্দান আয়ারল্যান্ড এবং আয়ারল্যান্ডের সঙ্গে যৌথভাবে বিডপত্র ফিফার কাছে পেশ করবে ইংল্যান্ড। তবে ৪৮টি দেশের বিশ্বকাপে বাজেট অনেক বাড়বে। যদিও ইংল্যান্ডের পরিকাঠামো খুবই ভাল। নতুন করে স্টেডিয়াম গড়ার প্রয়োজন হবে না।

লাইভে এসে ধর্ষণের অভিযোগ ওড়ালেন রোনাল্ডো

রোম, ৩০ সেপ্টেম্বর: ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ আনলেন আমেরিকান মডেল ক্যাথরিন মায়োরগার। নয় বছর আগে লাস ভেগাসের এক হোটেলে ধর্ষণের অভিযোগ এনে আদালতে মামলা করেছেন ওই মডেল। এক ঘণ্টার মধ্যে ইনস্টাগ্রামে ভিডিয়ো পোস্ট করে রোনাল্ডো জানান, পুরো ব্যাপারটাই ভুয়ো। তাঁর নাম ব্যবহার করে জনপ্রিয়তা চাইছে ওই মডেল। রোনাল্ডোর নামে অভিযোগ, ২০০৯ সালে লাস ভেগাসের এক হোটেলে ওই মডেলকে ধর্ষণ করেন রোনাল্ডো। আদালতে গিয়ে রোনাল্ডোর বিরুদ্ধে প্রমাণ সমেত মামলা দায়ের করা হয়েছে। এরপরই ইনস্টাগ্রামে ১৪ কোটি ফলোয়ার্সের সামনে লাইভ ভিডিয়োতে আসেন রোনাল্ডো। তিনি বলেন, না, না একেবারেই না। আজ ওরা যা বলছে ওটা সম্পূর্ণ ভুয়ো খবর। ওরা আমার নাম ব্যবহার করে নিজেদের জনপ্রিয়তা চাইছে। এটা খুব স্বাভাবিক। এটাই ওদের কাজ। আমি খুব সুখী মানুষ। আর সব ভাল চলছে। লাস ভেগাসের পামের রেন নাইট ক্লাবে দেখা হয়েছিল রোনাল্ডো ও ক্যাথরিনের। আদালতে জমা দেওয়া তথ্য অনুযায়ী, রোনাল্ডো তাকে আমন্ত্রণ করেন। সেখানেই এই ঘটনা ঘটে। আদালতে পেশ করা তথ্য অনুসারে রোনাল্ডো তাঁর সঙ্গে যৌন মিলনের কথা স্বীকার করেন। কিন্তু তিনি জানিয়েছেন, সেটা দু'জনের সম্মতি নিয়েই হয়েছে। কিন্তু মডেল জানান, তাকে ধর্ষণ করেছেন রোনাল্ডো। ক্যাথরিন জানান, পরের দিনই তিনি পুলিশ স্টেশনে গিয়েছিলেন। হাসপাতালেও যান। সেই তথ্যই গতকাল আদালতে পেশ করেছেন তিনি।

বার্সেলোনার পর পর পয়েন্ট নষ্টের জেরে মুখ খুললেন লিওনেল মেসি

বার্সেলোনা, ৩০ সেপ্টেম্বর: লা লিগার ম্যাচে ফের পয়েন্ট খুঁইয়েছে বার্সেলোনা। ঘরের মাঠে অটলেটিকো বিলবাওয়ের সঙ্গে ড্র। গত সপ্তাহেই অ্যাওয়ে ম্যাচে লেগানেসের কাছে হেরেছিল বার্সা। ফের পয়েন্ট নষ্ট। স্বাভাবিকভাবেই এমন ফলাফলে হতাশ দলের তারকা খেলোয়াড় লিও মেসি। শনিবারের ম্যাচের পর তাকে কিন্তু অনেকটাই বিরক্ত দেখা গেল। এই ম্যাচে প্রথম এগারোর দলে ছিলেন না তিনি। বিরতিতে যাওয়ার মিনিট চারেক আগের গোল হজম করে বার্সা। যার ফলে দ্বিতীয়ার্ধে তাঁকে পরিবর্ত হিসাবে নামালে তাঁরই দেওয়া বলে বার্সার হয়ে গোল মুনিরের। ম্যাচ শেষে মেসি জানান, চিন্তা নয়। মরশুম অনেক বড়ো। আমাদের কিছুটা রাগ হয়েছে শেষ দুটি পারফরম্যান্সের পর। আমরা খুবই শক্তিশালী দল। একজনের উপর নির্ভরশীল নই আমরা। এটা বার্সেলোনা, আমাদের অনেক খেলোয়াড় আছে। শুধু একজনের উপর ভরসার জন্য নয়। এই ফলাফল কিছুটা বেদনাদায়ক। তবে আমাদের শান্ত থাকতে হবে। এটা মনে রাখতে হবে মরশুমটা অনেকটা বড়।

স্প্যানিশ লা লিগায় গোলশূন্য ড্র করল রিয়াল মাদ্রিদ ও অ্যাটলেটিকো মাদ্রিদ।

প্রথম ম্যাচেই হোঁচট খেল এটিকে

স্টাফ রিপোর্টার: ম্যাচ শুরু হওয়ার আগে মনে একটাই প্রশ্ন ছিল সমর্থকদের, যুবভারতীর নতুন ঘাসে নতুন এটিকে কি দেখাবে? আর দুই লস টিডও কোপেল এবং ডেভিড জেমস দু'জনেই একসঙ্গে কাজ করেছেন কেরালায়। ভারতের পরিবেশ তাঁদের অনেকটাই জানা হয়ে গিয়েছে। এই দুই মহারথী একে অপরের শক্তিকে কীভাবে ব্যবহার করবেন। কিংবা দুর্বলতাই বা ঢাকবেন কি করে? এই ভাবনা নিয়েই যখন প্রথমার্ধ শেষ হল তখন দেখা গেল কেরালা এগিয়ে শটস অন টার্গেটে কিংবা কর্ণার সব কিছুতেই। আর বল পজিশন ছিল কলকাতা ৪৫ শতাংশ এবং কেরালার হার ৫৫ শতাংশ। অর্থাৎ পরিসংখ্যানে জেমস কিছুটা পেছনে ফেলে দিয়েছিলেন কোপেলকে। তবে এরই মধ্যে উল্লেখযোগ্য কলকাতার গোলরক্ষক অরিন্দম নিশ্চিত গোল বাঁচান। গ্যালারিতে উপস্থিত সৌরভ গাঙ্গুলী অবশ্য একবার লাফিয়ে ওঠার সুযোগ পেয়েছিলেন বটে। কিন্তু এটিকের সেই হেড শেষমেশ গেল তেকাঠির উপর দিয়ে। অতএব প্রথমার্ধের শেষে যুবভারতীর নতুন ঘাসে নিজেদের তেমন নতুন রূপ দিতে পারেনি।

কিন্তু কোপেল যে বর্ষীয়ান কোচ। কিছু কি নতুন দেখা যাবে দ্বিতীয়ার্ধে? এই প্রশ্নই ঘুরছিল গ্যালারিতে। ভাল কিছু দেখা যাবে আশা করছিল যুবভারতীতে। ৭০ মিনিটে ভিনিতকে নামিয়ে আক্রমণে ঝাঁঝ বাড়ালেন। আর গোল এল ৭৭ মিনিটে। জন জনসনের পায়ে প্রতিহত হওয়া বলে মাতেজ মাথা ছুঁইয়ে জালে মারলেন। পাল্টা চাল হিসাবে কোপেল কালু, কেভিন, লিংডকে নামালেও তেমন কিছু আর কাজে আসেনি। বরং এক গোল হজম হবার পর কেরালা আরও আক্রমণ শুরু করে। মাঝমাঠ থেকে বল পান স্তোজানোভিচ। ঠিক বক্সের বাইরে থেকে কোনাকুনি জোরালো শটে পরাস্ত করেন অরিন্দমকে। ঘড়ি বলছে তখন ৮৬ মিনিট। কলকাতার ঘরের মাঠেই পযর্দুস্ত হতে হল। এই যাত্রায় জেমসের চালে মাত হলেন কোপেল। ভারতীয় নতুন ঘাসে এটিকের নতুন রূপ আপাতত দেখা গেল না।

র‍্যাঙ্কিংয়ে এগোলেন শিখর-রোহিত

দুবাই, ৩০ সেপ্টেম্বর: এশিয়া কাপে রোহিত-ধাওয়ানের দুরন্ত ব্যাটিংয়ের সামনে টুর্নামেন্টের অন্যান্য দেশগুলির ব্যাটিং আক্রমণ ধুয়ে গিয়েছিল।

মরশুমের ক্রিকেটমুক্ত শেষ হতেই এবার দুরন্ত ব্যাটিংয়ের ফল পেলেন শিখর ও রোহিত। একদিনের ক্রিকেটে ব্যাটসম্যানদের তালিকায় এগোলেন ভারতের দুই ওপেনার। রবিবার প্রকাশিত আইসিসি'র ব্যাটসম্যানদের ক্রমতালিকায় দু'ধাপ উঠে দু'নম্বরে স্থান পেলেন রোহিত শর্মা। এটাই রোহিতের কেরিয়ারের সেরা একদিনের র‍্যাঙ্কিং। এশিয়া কাপে ব্যাট হাতে পাঁচ ম্যাচে একটি শতরান সহ রোহিতের সংগ্রহ ৩১৭ রান। টুর্নামেন্টে পাকিস্তানের দু'টি ম্যাচেই রোহিতের ব্যাটে শুরুটা দারুণ করে ভারত। রোহিত দু'নম্বরে উঠে আসায় একদিনের ব্যাটসম্যানেদরে ক্রমতালিকায় শীর্ষ দুই স্থানই এখন ভারতের দখলে।

এক নম্বরে নিজের স্থান ধরে রেখেছেন বিরাট কোহলি। বিরাট কোহলির সংগ্রহ ৮৮৪ পয়েন্ট। রোহিত ৮৪২ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন। এশিয়া কাপ টুর্নামেন্টের সেরা হওয়া শিখর ধাওয়ানও র‍্যাঙ্কিংয়ে এগিয়েছেন।

শিখর ধাওয়ান চার ধাপ উঠে র‍্যাঙ্কিংয়ে পাঁচে এলেন। তাঁর সংগ্রহ ৮০২ পয়েন্ট। ইংল্যান্ডের মাটিতে লাল বলের ক্রিকেটে চূড়ান্ত ব্যর্থ হওয়ায় সাদা বলের ক্রিকেটে ফিরে পাঁচ ম্যাচে গব্বর দু'টি শতরান সহ ৩৪২ রান হাঁকিয়েছেন।

ভারতীয় বোলারদের মধ্যে কুলদীপ যাদব তিন ধাপ উঠে ওয়ান ডে কেরিয়ারের সেরা র‍্যাঙ্কিং তিনে উঠে এলেন। টুর্নামেন্টে আফগান স্পিনার রশিদ খানও বাংলাদেশের পেসার মুস্তাফিজুর রাহমানের সঙ্গে যুগ্মভাবে শীর্ষ উইকেট পেয়েছেন জসপ্রীত বুমরাহ। ফলে বোলিংয়েও প্রথম তিনে দুই ভারতীয়।

দু'নম্বরে রয়েছেন আফগান লেগ স্পিনার রশিদ খান। অনায়াসে ছ'ধাপ উঠে ওয়ান ডে অলরাউন্ডারদের তালিকায় শাকিবকে সরিয়ে শীর্ষস্থানের দখল নিলেন রশিদ। দুই ও তিন যথাক্রমে শাকিব আল হাসান ও আফগান ক্রিকেটার মহম্মদ নবি।

জিতল দক্ষিণ আফ্রিকা

ডায়মন্ড ওভাল, ৩০ সেপ্টেম্বর: জিম্বাবোয়ের বিরুদ্ধে ৫ উইকেটে জয় পেল দক্ষিণ আফ্রিকা। সেই সঙ্গে ৫০০০ রানের গণ্ডি টপকালেন জেপি ডুমিনি। প্রথমে ব্যাট করে ৩৪.১ ওভার ব্যাট করে ১১৭ রানেই গুটিয়ে যায় জিম্বাবোয়ের ইনিংস। জিম্বাবোয়ের হয়ে ইনিংসে সর্বোচ্চ রান করেন এলটন চিম্বুরা (২৭)। এছাড়া ওপেনার ও অধিনায়ক হ্যামিল্টন ২৫ রান করেন। দক্ষিণ আফ্রিকার হয়ে নিখিদি ৩টি উইকেট নিয়েছেন। এছাড়া দুটি করে উইকেট পেয়েছেন রাবাদা, ইমরান তাহির ও ফুলকাণ্ড। ব্যাট করতে নেমে বেশ সমস্যায় পড়ে দক্ষিণ আফ্রিকাও। ১০০ রানের মধ্যে অর্ধেক দলকে প্যাভিলিয়নে পথ দেখায় জিম্বাবোয়ের বোলাররা। শেষ দিকে ডুমিনি ও মুলডারের ব্যাটিং পার্টনারশিপে জিম্বাবোয়ের বিরুদ্ধে জয় পায় দক্ষিণ আফ্রিকা।

আইএসএলে এবার মুখোমুখি নর্থ-ইস্ট ইউনাইটেড ও এফসি গোয়া

গুয়াহাটি, ৩০ সেপ্টেম্বর: সমুদ্র আর পাহাড়, দুটি শব্দের মাহাত্ম্য অনেক। মানুষ ছুটি কাটাতে গেলেই প্রথম আর্কষীত হয় পাহাড় নাকি সমুদ্র। এদের বৈশিষ্ট্য ভিন্ন। আর এই ভিন্নতার স্বাদ যদি ফুটবল মাঠে উঠে আসে তারও ব্যতিক্রম হয় না। এফ সি গোয়া বনাম নর্থ ইস্ট ইউনাইটেড। সোমবারের পাহাড়বেষ্টিত শহর গুয়াহাটিতে নীল টেউ কি উপচে পড়বে প্রশ্ন এটাই। গোয়ার দিকে নজর দিলে দেখা যায় তারা কিন্তু পজেশনাল ফুটবলের উপর ভিত্তি করে এফ সি গোয়া। তাদের আক্রমণের ঢেউ ছড়িয়ে যে পরবে সেটা কিন্তু নিজের কথাতেই বুঝিয়ে দিয়েছেন গোয়ার কোচ লবেরা। তিনি বলেন, আমি বরাবরই ১-০ জেতার থেকে ৫-২ ব্যবধানে জয় বেশি পছন্দ করি। লক্ষ্য করলে দেখবেন গতমরশুমে আমাদের দল প্রচুর গোল করেছিল। সঙ্গে সৃষ্টি করেছিল নতুন রেকর্ডও। অতএব নর্থইস্ট কোচ সাতোরীও নিশ্চয়ই লক্ষ্য রেখেছেন। আক্রমণ ভাল হলেও গত মরশুমে গোয়ার রক্ষণে বেশ ফাঁকফোকড় ছিল। সেটা মেপেই কি এগোতে চাইবেন! হয়ত তাই। কারণ নর্থ-ইস্ট কিন্তু প্রতি আক্রমণ খেলবে। পরপর দু'মরশুমে প্লে-অফের খুব কাছে গিয়েও ফিরে আসতে হয়েছিল। এবার যেন সেই ভুল না হয়। প্রথম ম্যাচ সবসময়ই কঠিন হয়। তাই হয়ত মেপে এগোতে চাইছেন সাতোরী। তিনি বলেন, ভুললে চলবে না আমরা কিন্তু গত মরশুমে একটি জয় পেয়েছিলাম, আর একটি ড্র হয়েছিল। কিন্তু আমাদের দলে এবার অনেক নতুন মুখ। তাদের সময় দিতে হবে। তুলনায় গোয়া কিন্তু অনেক গোছানো। আক্রমণ ভাল হলেও লবেরা নিজের রক্ষন নিয়ে বেশ খেটেছেন বলে দাবি। তিনি জানেন, নর্থ-ইস্ট আপফ্রন্টে থাকবেন প্রাক্তন পিএসজি স্ট্রাইকার ওগবেচে। উল্টোদিকে সাতোরীর রক্ষণকে চাপে ফেলতে পারেন কোরোমিনাস। যার পিছনে আরও নাম রয়েছে যাদের উপর নজর রাখতেই হবে পালানসা এবং ছগো। এতো বিদেশি নামের পাশে দু'দলের মাঝমাঠে লড়বেন দুই ভারতীয় লেনি রডরিগেস এবং রণলিন বরজেম। পাহাড় উপচে কি গোলের ঢেউ দেখা যাবে। নাকি পাথরে বাঁধে আটকে যাবে ঢেউ। এত আর কিছু সময়ের অপেক্ষা।

আদিত্যপুর কালাচাঁদ উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হল 'কলকাতা আমি তোমায় ভালবাসি' সংস্থার পঞ্চম বার্ষিকী অনুষ্ঠান। এই সংস্থা বিভিন্ন জায়গা থেকে ৩৫ জন খেলোয়াড়কে (খোখো, কবাডি, যোগা) খেলার প্রয়োজন মতো সামগ্রী প্রদান করলেন। এটি একটি সমাজ সেবামূলক প্রতিষ্ঠান।

প্রকাশক: পার্থ কুণ্ডু, কর্তৃক ৩, বীরেন্দ্রকৃষ্ণ ভদ্র সরণি, শিলিগুড়ি-৭৩৪০০১ থেকে প্রকাশিত এবং ইকো প্রিন্টিং প্রেস, যাদুভিটা, মিলন মোড়, শিলিগুড়ি-৭৩৪০০৩ থেকে মুদ্রিত ● স্বত্বাধিকারী : আশিস্ লাহা ● মুখ্য সম্পাদক : কমল ভট্টাচার্য
সম্পাদক : আশিস্ লাহা